বছরের প্রথম দিন সব শিক্ষককে বিদ্যালয়ে উপস্থিত থাকার নির্দেশ

চেম্বার ডেস্ক:: নতুন বছরের বছরের প্রথম দিন (১ জানুয়ারি ২০২১) প্রধান শিক্ষকসহ প্রাথমিক বিদ্যালয়ের সব শিক্ষককে বিদ্যালয়ে উপস্থিত থাকার নির্দেশ দিয়েছে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর। তবে অসুস্থ ও সন্তানসম্ভবা শিক্ষকদের ক্ষেত্রে এ নির্দেশনা বলবৎ হবে না। এ দিন শিক্ষকদের উপস্থিতিতে শিক্ষার্থীদের হাতে নতুন বছরের পাঠ্যবই তুলে দেয়া হবে।

সোমবার (২৮ ডিসেম্বর) ডিপিই থেকে এ সংক্রান্ত নির্দেশনাটি প্রকাশ করা হয়েছে। এতে বিভাগীয় উপ-পরিচালক, জেলা শিক্ষা কর্মকর্তা ও উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তাদের উপস্থিতি নিশ্চিত করতে নির্দেশনা দেয়া হয়েছে।

নির্দেশনায় বলা হয়, বিগত বছরগুলোর মতো ২০২১ সালের জানুয়ারি মাসের মধ্যে প্রাক-প্রাথমিক থেকে পঞ্চম শ্রেণির শিক্ষার্থীর মধ্যে নতুন বই তুলে দেয়ার কর্মসূচি হাতে নেয়া হয়েছে। ওই কর্মসূচি যথাযথভাবে বাস্তবায়নের জন্য বিদ্যালয়ের প্রধান শিক্ষকসহ সব শিক্ষক ও কর্মচারীকে বিদ্যালয়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

এতে আরো জানানো হয়, জনপ্রশাসন মন্ত্রণালয়ের জারি করা সর্বশেষ প্রজ্ঞাপন অনুযায়ী, অসুস্থ ও সন্তানসম্ভবা শিক্ষক-কর্মচারীরা বিদ্যালয়ে উপস্থিত থাকা থেকে বিরত থাকবেন।

অন্যদিকে শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ থাকলেও শিক্ষার্থীদের সশরীরে উপস্থিত হয়ে নতুন পাঠ্যপুস্তক নিতে হবে। শ্রেণিভেদে একেক দিন একেক ক্লাসের শিক্ষার্থীরা মাস্ক পরিধান করে স্বাস্থ্যবিধি মেনে বিদ্যালয় থেকে বই গ্রহণ করবে। প্রধান শিক্ষকের নেতৃত্বে শিক্ষার্থীদের হাতে বই তুলে দেয়া হবে। সেখানে প্রাথমিকের মাঠ কর্মকর্তাদেরও উপস্থিত থাকতে বলা হয়েছে।